গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : ফাহমি মো. সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৭/০৫/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার মাধ্যম : অনলাইন জুম ক্লাউড মিটিং।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়েছে)

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় এ উপজেলায় আইসিটি কার্যক্রমের বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

০২. ই-নথি সংক্রান্ত আলোচনা :

সভায় সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, এটুআই থেকে জানা যায় তাদের ডিজিটাল নথি (ডি-নথি) সিস্টেমের সার্ভারগুলোর কাজ চলমান আছে বিধায় নথি প্রশিক্ষণ প্রাপ্ত অফিসগুলো লাইভে আনার কার্যক্রম বন্ধ আছে। এছাড়া সবগুলো অফিসের ডি-নথি প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।

সিদ্ধান্ত : এটুআই এর সাথে যোগাযোগ করে ই-নথি প্রশিক্ষণ প্রাপ্ত অফিসগুলো লাইভে আনতে হবে এবং ই-নথির কার্যক্রম চালু রাখতে হবে।

০৩. ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :

সভায় উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের উপর আলোচনা করা হয় এবং প্রতিটি দপ্তর ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করবে এই মর্মে আলোচনা হয়। নিম্নে সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল রিপোর্ট ছকে দেখানো হলো।

| অফিসের নাম | মোট লিংক | লিংক নেই | লিঙ্কে ডাটা নেই | এক্সটারনাল লিংক | সেবাবক্স লিংক | শতকরা রিপোর্ট |
|---|---|---|---|---|---|---|
| আনসার ও ভিডিপি | ৭৮ | ৩ | ০ | ৪৬ | ৩২ | ৯৮.০৮% |
| আমার বাড়ী আমার খামার প্রকল্প | ৭৩ | ১০ | ০ | ৪৩ | ৩২ | ৯৩.১৫% |
| উপ-সহকারি প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল | ৭৩ | ১০ | ০ | ৪৩ | ৩২ | ৯৩.১৫% |
| উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল এর কার্যালয় | ৭৭ | ১০ | ০ | ৪৩ | ৩২ | ৯৩.৫১% |
| উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ৯৭ | ০ | ০ | ৪৫ | ৩২ | ১০০% |
| উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | ৯০ | ৯ | ০ | ৪৯ | ৩২ | ৯৫% |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | ৮৮ | ২ | ০ | ৫০ | ৩২ | ৯৮.৮৬% |
| উপজেলা নির্বাচন অফিস | ৭৩ | ০ | ০ | ৪৬ | ৩২ | ১০০% |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় | ৯৮ | ৪ | ০ | ৫১ | ৪৮ | ৯৭.৯৬% |
| উপজেলা পরিসংখ্যান অফিস | ৮৯ | ৯ | ০ | ৪৩ | ৩২ | ৯৪.৯৪% |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ৮৫ | ৬ | ০ | ৪৪ | ৩২ | ৯৬.৪৭% |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | ৭২ | ১০ | ০ | ৪২ | ৩২ | ৯৩.০৬% |
| উপজেলা প্রকৌশলীর কার্যালয় | ৭৯ | ১০ | ০ | ৪৩ | ৩৬ | ৯৩.৬৭% |
| উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | ৯১ | ৫ | ১ | ৪৯ | ৩১ | ৯৫.১৪% |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | ৯২ | ১ | ০ | ৪৩ | ৩২ | ৯৯.৪৬% |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৮৯ | ৯ | ০ | ৪৪ | ৩২ | ১০০% |
| উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় | ৭৭ | ৯ | ০ | ৪৩ | ৩৫ | ১০০% |
| উপজেলা যুব উন্নয়ন অফিস | ৯০ | ৫ | ০ | ৪২ | ৩২ | ১০০% |
| উপজেলা রিসোর্স সেন্টার ,সদর, রাজবাড়ী। | ৭৩ | ৬ | ০ | ৪৭ | ৩২ | ৯৫.৮৯% |
| উপজেলা শিক্ষা অফিস | ৯৭ | ১০ | ০ | ৪৮ | ৩২ | ১০০% |
| উপজেলা সমবায় অফিস | ৯৩ | ৬ | ০ | ৪২ | ৩২ | ৯৬.৭৭% |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিস | ৯৯ | ১০ | ০ | ৪৬ | ৩২ | ১০০% |
| উপজেলা সাব রেজিষ্টার অফিস | ৭৩ | ১০ | ০ | ৪৩ | ৩২ | ৯৩.১৫% |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় | ৯২ | ৫ | ০ | ৪৬ | ৩২ | ৯৭.২৮% |
| থানা | ৭৫ | ১০ | ০ | ৪০ | ৩২ | ৯৩.৩৩% |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | ৭৮ | ৯ | ০ | ৪৫ | ৩২ | ৯৪.২৩% |
| ভূমি অফিস | ৮৭ | ৭ | ০ | ৪৮ | ৩২ | ৯৫.৯৮% |
| সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষন কেন্দ্র | ৭৩ | ১০ | ০ | ৪৩ | ৩২ | ৯৩.১৫% |

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট দপ্তরকে নিজ নিজ ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রাখতে হবে এবং ওয়েব পোর্টাল কন্টেন্ট বাংলা ও ইংরেজি দুই ভার্সনে করতে হবে। ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য সহায়তার প্রয়োজন হলে সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর সহায়তা নিয়ে হালনাগাদ সম্পন্ন করতে হবে।

০৪. অনলাইন ক্লাস সংক্রান্ত আলোচনা :

সভায় অংশগ্রহন করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন সাম্প্রতি মহাপরিচালক, মাউশি মহোদয় মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাস নেওয়া এবং MMCM ড্যাশবোর্ডে এন্ট্রি প্রদানের নির্দেশনা প্রদান করেছে। প্রতিদিন ০৪ (চার) টি করে অনলাইন লাইভ ক্লাস নিতে হবে এবং ০২ (দুই) টি ক্লাস MMCM ড্যাশবোর্ডে এন্ট্রি দিতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষকদের প্রাইভেট এবং কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে। স্কুলে ছাত্র-ছাত্রীদের জমা দেওয়া এসাইনমেন্টের মূল্যায়ন সঠিকভাবে করতে হবে এবং উপবৃত্তির তথ্য অনলাইনে সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

সিদ্ধান্ত : শিক্ষকদের অনলাইনে প্রতিদিন ০৪ (চার) টি করে ক্লাস নিতে হবে এবং ০২ (দুই) টি ক্লাস MMCM ড্যাশবোর্ডে এন্ট্রি দিতে হবে। স্কুলসমূহ এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন ড্যাশবোর্ডে এন্ট্রি লিংকসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন।

০৫. শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা :

সভায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও ব্যবহার করতে হবে।

সিদ্ধান্ত : শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে এবং যে সমস্ত প্রতিষ্ঠানে ল্যাবের ল্যাপটপ অচল অবস্থায় আছে সেগুলো মেরামত করে সচল করতে হবে। এছাড়া ল্যাবে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

০৬. ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর কার্যক্রম নিয়ে আলোচনা :

সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। করোনাকালীন সময়ে উদ্যোক্তাদের সেবা ও মাসিক আয় অনেক কমে গেছে বলে আলোচনায় জানা যায়। উদ্যোক্তাদের মাসিক আয় বৃদ্ধিতে উপজেলা প্রশাসনের সহযোগিতার প্রয়োজন হলে তা দেওয়া হবে বলে জানানো হয়।

সিদ্ধান্ত : উদ্যোক্তাদের সেবার সংখ্যা ও মাসিক আয় বৃদ্ধি করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফাহমি মো. সায়েফ)
পরিচিতি নং- ১৭৩৩৩
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৮২৭৬.০০১.০৬.০০১.১৯-১৪ | তারিখ : ২৭/০৫/২০২১ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০২। উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৩। ........................................................................

........................................................................

২৭।০৫।২১

সহকারী প্রোগ্রামার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি।